JAIN VANIJYA UDYOG LIMITED
98, Christopher Road, Flat - 1,
B-5,Vrindavan Garden, Kolkata - 700 046

Ph. : 033 - 2328 0003
Email id : info@jainvanijya.com
Web : www.jainvanijya.com
CIN : L51909WB1984PLC038212

Date: 21.06.2021

The Secretary
Calcutta Stock Exchange Limited
7, Lyons Range,
Kolkata-700001

**Ref: 37th Annual General Meeting of the Company (AGM) – 12.07.2021**
**Sub: Submission of copies of newspaper advertisement pursuant to Regulation 30 & 47 of the SEBI (LODR) Regulations, 2015**

Dear Sir/Madam,
Please refer to our earlier communication dated 18th June, 2021 intimating 12th July, 2021 as the date of 37th Annual General Meeting of the Company (AGM).

Pursuant to Regulation 30 & 47 of Securities Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, please find enclosed herewith copies of public notice published by the Company by way of advertisement in newspapers viz., "Financial Express" (English all Edition) and Sukhabar (Bengali).

Please take the same on record and acknowledge the receipt of the same.

Thanking You,

**For Jain Vanijya Udyog Limited**

Ankita Mahansaria

**Ankita Mahansaria**
**Managing Director**
**DIN 09083595**

# ২১ জুন থেকে ১ জুলাই ৫০টি বিশেষ ট্রেন চালাবে রেল

**সুখবর ব্যুরো, কলকাতা:** ২১ জুন থেকে আরো ৫০টি বিশেষ ট্রেন চালু করতে চলেছে ভারতীয় রেল। পাশাপাশি ২৫ জুন থেকে গোরক্ষপুর-বান্দ্রা টার্মিনাস গ্রীষ্মকালীন বিশেষ ট্রেন চালু করার ঘোষণা করেছিলেন কেন্দ্রীয় রেলমন্ত্রী পীযূষ গয়াল। ২১ জুন থেকে চালু করা হবে ০২০১১ নয়াদিল্লি-কালকা শতাব্দী এক্সপ্রেস। ট্রেনটি প্রতিদিন চলবে। এছাড়া চালু হবে ফিরতি ট্রেন ০২০১২ কালকা-নয়াদিল্লি শতাব্দী এক্সপ্রেস (প্রতিদিন), ট্রেনটি চলবে প্রতিদিন। ২১ জুন থেকে চলবে ০২০১৭ দেহরাদুন-নয়াদিল্লি শতাব্দী এক্সপ্রেস, প্রতিদিন চলবে ট্রেনটি। বাংলা থেকে চালু হবে ০২০১৯ হাওড়া-রাঁচি শতাব্দী বিশেষ ট্রেন, ০২০২০ রাঁচি-হাওড়া শতাব্দী বিশেষ ট্রেন, ০২৩৪৩ শিয়ালদহ-নিউ জলপাইগুড়ি বিশেষ ট্রেন, ০২৩৪৪ নিউ জলপাইগুড়ি-শিয়ালদহ বিশেষ ট্রেন, ০৩১৬১ কলকাতা-বালুরঘাট বিশেষ ট্রেন, ০৩১৬২ বালুরঘাট-কলকাতা বিশেষ ট্রেন, ০২২৬১ কলকাতা-হলদিবাড়ি বিশেষ ট্রেন, ০২২৬২ হলদিবাড়ি-কলকাতা বিশেষ ট্রেন, ০৩০৩৩ হাওড়া-কাটিহার বিশেষ ট্রেন আর ০৩০৩৪ কাটিহার-হাওড়া বিশেষ ট্রেন।

সোমবার থেকে চালু হবে ০২০১৮ নয়াদিল্লি-দেহরাদুন শতাব্দী এক্সপ্রেস। এই ট্রেনটিও প্রতিদিন চলবে। এছাড়া সোমবার থেকে প্রতিদিন চলবে ০২০১৪ অমৃতসর-নয়াদিল্লি জনশতাব্দী এক্সপ্রেস। ০২০১৩ নয়াদিল্লি-অমৃতসর জনশতাব্দী এক্সপ্রেসটি ১ জুলাই থেকে চালু হবে। প্রতিদিন চলবে ট্রেনটি। ২১ জুন থেকেই প্রতিদিন চলবে ০২০০৫ নয়াদিল্লি-কালকা শতাব্দী এক্সপ্রেস। ২২ জুন থেকে প্রতিদিন চলবে ০২০০৬ কালকা-নয়াদিল্লি শতাব্দী এক্সপ্রেস। মঙ্গলবার থেকে চালু করা হবে ০২০৪৬ চণ্ডীগড়-নয়াদিল্লি শতাব্দী এক্সপ্রেস। বুধবার ছাড়া প্রতিদিন চলবে ট্রেনটি। ২২ জুন থেকে প্রতিদিন চলবে ০২০৪৫ নয়াদিল্লি-চণ্ডীগড় শতাব্দী এক্সপ্রেস। বুধবার ছাড়া প্রতিদিন চলবে ট্রেনটি। ২ জুলাই থেকে চালু হবে ০২০২৯ নয়াদিল্লি-অমৃতসর জনশতাব্দী এক্সপ্রেস। বৃহস্পতিবার ছাড়া প্রতিদিন চলবে ট্রেনটি। ২ জুলাই থেকে চালু হবে ০২০৩০ অমৃতসর-নয়াদিল্লি জনশতাব্দী এক্সপ্রেস। এই ট্রেনটিও বৃহস্পতিবার ছাড়া প্রতিদিন চলবে।

২ জুলাই থেকে চালু হবে ০২২৬৫ দিল্লি সরাই রোহিল্লা-জম্মু তাওয়াই দুরন্ত এক্সপ্রেস। মঙ্গলবার, শুক্রবার, রবিবার চলবে ট্রেনটি। ৩ জুলাই থেকে চালু হবে ০২২৬৬ জম্মু তাওয়াই-দিল্লি সরাই রোহিল্লা দুরন্ত এক্সপ্রেস। বুধবার, শনিবার, সোমবার চলবে ট্রেনটি। এছাড়া চালু হচ্ছে মেঙ্গালউরু সেন্ট্রাল-লোকমান্য তিলক টার্মিনাস এক্সপ্রেস, মুজাফফরপুর-আহমেদাবাদ স্পেশ্যাল ট্রেন, আহমেদাবাদ-মুজাফফরপুর স্পেশ্যাল ট্রেন, পটনা-ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস স্পেশাল ট্রেন ও ছত্রপতি শিবাজী মহারাজ টার্মিনাস- পটনা স্পেশ্যাল ট্রেন।

এছাড়া ১৪ থেকে চালু হয়েছে ভাগলপুর-দানাপুর, ভাগলপুর-মুজফফরপুর স্পেশ্যাল ট্রেন। এছাড়া বাংলায় ধাপে ধাপে চালু হবে দার্জিলিঙ মেল, কলকাতা-শিলঘাট, হাওড়া-রাঁচি শতাব্দী, হাওড়া-আসানসোল ইন্টারসিটি, শান্তিনিকেতন এক্সপ্রেস, হাওড়া-মালদহ টাউন ইন্টারসিটি, কোলফিল্ড এক্সপ্রেস, হাজারদুয়ারি এক্সপ্রেস, গণদেবতা এক্সপ্রেস, কলকাতা থেকে বালুরঘাটগামী তেভাগা এক্সপ্রেস, কলকাতা-রাধিকাপুর, তিস্তাতোর্ষা এক্সপ্রেস, আসানসোল-টাটা ট্রেন। শিয়ালদহ-পুরী এক্সপ্রেস, কবিগুরু এক্সপ্রেস-সহ বেশ কয়েকটি ট্রেন।

ভোটের পরে অশান্তিতে ঘরছাড়াদের অভিযোগ

# খতিয়ে দেখতে মানবাধিকার কমিশনকে হুকুম হাই কোর্টের

**সুখবর ব্যুরো, কলকাতা :** ভোট পরবর্তী হিংসায় ঘরছাড়াদের অভিযোগ খতিয়ে দেখতে জাতীয় মানবাধিকার কমিশনকে আদেশ দিল কলকাতা হাই কোর্ট। একটি কমিটি গড়ে ঘরছাড়া ব্যক্তিদের অভিযোগ খতিয়ে দেখার জন্য জাতীয় মানবাধিকার কমিশনের সভাপতিকে আদেশ দিয়েছে আদালত। শুক্রবার এ নিয়ে এক মামলার শুনানিতে এই আদেশ দিয়েছে হাই কোর্ট। পাশপাশি, আদালতের তরফে পর্যবেক্ষণ, রাজ্যে আইনশৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে দায়বদ্ধ রাজ্য সরকার। উল্লেখ্য, ভোটের পর রাজ্যজুড়ে দলীয় কর্মীরা শাসকদল তৃণমূলের হাতে আক্রান্ত হচ্ছেন বলে অভিযোগ করে চলেছে বিজেপি। কিন্তু ভোট পরবর্তী এই হিংসার ঘটনা মানতে চায়নি রাজ্য সরকার। ভোট পরবর্তী হিংসার ঘটনা নিয়ে রাজ্যের উদাসীনতার বিরুদ্ধে এরপর কলকাতা হাই কোর্টে মামলা দায়ের হয়। এদিন হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি রাজেশ বিন্দালের নেতৃত্বাধীন ৫ সদস্যের বেঞ্চের সামনে এই মামলার শুনানি হয়। সেই বেঞ্চ এদিন বলে, 'রাজ্যে আইনশৃঙ্খলা বজায় রাখতে ও বাসিন্দাদের মধ্যে ভরসা জোগাতে দায়বদ্ধ রাজ্য সরকার। রাজ্য সরকার প্রথম থেকেই কোনো হিংসা হয়নি বলে দাবি করে আসছে। কিন্তু এই সংক্রান্ত যাবতীয় তথ্য আমাদের সামনে রয়েছে। এদিকে রাজ্যের সংস্থা রাজ্য লিগ্যাল এইড সার্ভিস কর্তৃপক্ষের রিপোর্ট অন্য কথা বলেছে।' সুপ্রিম কোর্টেও এই সংক্রান্ত একাধিক মামলা দায়ের হয়েছে।

এর আগে ঘরছাড়াদের ঘরে ফেরাতে যে কমিটি গঠন করা হয়েছিল তাতে রাজ্য ও কেন্দ্রের মানবাধিকার কমিশন ও রাজ্য আইনি পরিষেবা কর্তৃপক্ষের কাছ থেকে জাতীয় মানবাধিকার কমিশন প্রয়োজনীয় সহযোগিতা পায়নি। উলটে অসহযোগিতা করা হয়েছে। তাই নতুন করে কমিটি গড়তে দেওয়া হল জাতীয় মানবাধিকার কমিশনকে।

এ বার জাতীয় মানবাধিকার কমিশন রাজ্যের বিভিন্ন জায়গা ঘুরে দেখবে। তাদের কেবলমাত্র সাহায্য করবে রাজ্য মানবাধিকার কমিশন। সে ক্ষেত্রে সহযোগিতার কমতি থাকলে দায় নিতে হবে রাজ্যকে। জাতীয় মানবাধিকার কমিশন আদালতে একটি রিপোর্ট জমা দেবে। এই নির্দেশ না মানলে আদালত অবমাননার দায়ে পড়তে হবে।

কলকাতা হাই কোর্ট এর আগে ৩১ মে ভোট পরবর্তী হিংসায় ঘরছাড়াদের ঘরে ফেরাতে ৩ সদস্যের একটি কমিটি গঠন করেছিল। ৩ সদস্যের এই কমিটিতে রয়েছেন রাজ্য মানবাধিকার কমিশন, কেন্দ্রীয় মানবাধিকার কমিশন ও রাজ্য লিগাল সার্ভিস কর্তৃপক্ষের সদস্য সচিবরা। যেসব ব্যক্তি দীর্ঘদিন ধরে ঘরে ফিরতে পারছেন না তাঁদের অবিলম্বে রাজ্য আইনি পরিষেবা প্রদানকারী কর্তৃপক্ষ বা লিগ্যাল এইড সার্ভিসের সঙ্গে যোগাযোগ করার নির্দেশ দিয়েছিল আদালত। আদালত বলেছিল, এই কমিটি পরে এদের সঙ্গে যোগাযোগ করে স্থানীয় পুলিশ অফিসারদের দিয়ে ঘরছাড়াদের ঘরে ফেরার ব্যবস্থা করবে। রাজ্যে ভোট পরবর্তী হিংসার বিষয় খতিয়ে দেখতে কলকাতা হাই কোর্টের হস্তক্ষেপ চেয়ে প্রথমে একটি মামলা করেছিলেন আইনজীবী অনিন্দ্য সুন্দর দাস। পাশাপাশি বিজেপিনেত্রী তথা কলকাতা হাই কোর্টের আইনজীবী এন্টালির বিজেপি প্রার্থী প্রিয়াঙ্কা তিব্রেওয়ালও একটি মামলা দায়ের করেন। মামলার গুরুত্ব বিচার করে কলকাতা হাই কোর্টে তৈরি হয় ৫ বিচারপতির বেঞ্চ। সেই বেঞ্চেই হচ্ছে এই মামলার শুনানি। এই মামলার পরবর্তী শুনানি হবে ৩০ জুন।

# বৃষ্টির জেরে আচমকা ধস সেবক-রংপো রেল সুড়ঙ্গে, মৃত অন্য রাজ্যের ২ শ্রমিক

কৃষ্ণা দাস

**দার্জিলিঙ:** প্রবল বৃষ্টির জেরে আচমকা ধস নামল সেবক-রংপোর রেল সুড়ঙ্গে। দুর্ঘটনায় মৃত্যু হয়েছে এরাজ্যে কাজ করতে আসা অন্য রাজ্যের ২ শ্রমিকের। জখম হয়েছেন আরো ৫ শ্রমিক। এরমধ্যে ২ জনের অবস্থা আশঙ্কাজনক। তাঁদের চিকিৎসা চলছে উত্তরবঙ্গের এক বেসরকারি হাসপাতালে। বাকি জখম ৩ জন ভরতি রয়েছেন কালিম্পঙের জেলা হাসপাতালে। মৃত দু'জনের নাম নরেশ সোরেন ও সালখু মুর্মু। তাঁরা দু'জনেই ঝাড়খণ্ডের বাসিন্দা বলে জানা গেছে। বৃহস্পতিবার রাতে ঘটনাটি ঘটেছে কালিম্পং থেকে ২৫ কিলোমিটার দূরে কালিম্পং জেলার ভানুখোলার কাছে ১০ নম্বর টানেলে। সে সময় টানেলের ভেতরে কাজ করছিলেন মোট ৭ জন শ্রমিক।

দিন কয়েক ধরেই সেবক থেকে রংপো পর্যন্ত রেললাইন পাতার কাজ চলছিল। রাতেও কাজ চলছিল ওই সুড়ঙ্গে। কালিম্পং থেকে ২৫ কিলোমিটার দূরে অবস্থিত ভালুখোলা। বৃহস্পতিবার রাতে ভালুখোলার কাছে ১০ নম্বর সুড়ঙ্গে কাজ চলছিল। আচমকা সুড়ঙ্গে ধস নামায় বিপত্তি ঘটে। বৃহস্পতিবার ওই সুড়ঙ্গে কাজ করছিলেন ৭ জন শ্রমিক। ধস নামায় ভূগর্ভ থেকে বেরোতে পারেননি তাঁরা। মাটির নিচে চাপা পড়ে যান তাঁরা। তাঁদের তড়িঘড়ি উদ্ধার করে কালিম্পঙ জেলা হাসপাতালে নিয়ে গেলে ২ জনকে মৃত বলে ঘোষণা করেন ডাক্তাররা। জখমরা হলেন, সুফল হেমব্রেম, সুকেশ্বর সিং, ঠাকুর দাস, অশোক সিং ও কুন্দন সিং। এঁদের প্রথম ৪জনই ঝাড়খণ্ডের বাসিন্দা। কুন্দন সিং বিহারের ছাপড়া জেলার বাসিন্দা। কালিম্পং জেলার এসপি হরিকৃষ্ণ পাই জানান, 'বৃহস্পতিবার রাত ১০ টা ৩০ মিনিট নাগাদ সেবক-রংপোর টানেল নাম্বার ১০ এ রেলওয়ে সম্প্রসারণের কাজ চলছিল তখন আচমকাই কিছু মাটি, পাথর শ্রমিকদের ওপর ধসে পড়ে। সেখানে ৭ জন শ্রমিক কাজ করছিল। গুরুতর জখম অবস্থায় তাদের উদ্ধার করে কালিম্পং জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। দুজনকে বাঁচানো সম্ভব হয়নি। গভীর রাতে দুজনের অবস্থার অবনতি হলে শিলিগুড়ি নিয়ে আসা হয়। বাকিরা কালিম্পং জেলা হাসপাতালে ভরতি। বর্তমানে রেল সম্প্রসারণের কাজ বন্ধ রাখা হয়েছে।'

এদিকে রেলের তরফে এই ঘটনায় দুঃখ প্রকাশ করা হয়েছে। রেল কর্তৃপক্ষ জানিয়েছে দুর্ঘটনাস্থল-সহ সব কিছু খতিয়ে দেখার পর গুহা থেকে পাথর ও মাটি বের করে আবার শুরু হবে কাজ। এই ঘটনায় প্রাক্তন পর্যটনমন্ত্রী গৌতম দেব মৃতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন ও জখমদের দ্রুত আরোগ্য কামনা করেছেন। পাশাপাশি তিনি বলেন, 'এই প্রকল্পটি অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি প্রকল্প। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় রেলমন্ত্রী থাকাকালীন এই প্রকল্পের অনুমোদন হয়েছিল। সে সময় সিকিমের মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে তখনকার রেলমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই প্রকল্পের শিলান্যাস করেছিলেন। শ্রমিকরা জীবনের ঝুঁকি নিয়ে কাজ করছেন। রেল কর্তৃপক্ষের উচিত শ্রমিকদের নিরাপত্তা সুনিশ্চিত করা। আশা রাখব রেল নিয়ম অনুযায়ী নিহত ও জখমদের ক্ষতিপুরণ দেবে।'

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্নের এই সেবক-রংপো রেলপথ প্রকল্পের বরাত পেয়েছে 'ইরকন' নামক এক নির্মাণ সংস্থা। ২০১৮ সালে এই প্রকল্পের কাজ শুরু হয়। রেলপথটিতে রয়েছে মোট ১৪টি সুড়ঙ্গ। দুর্ঘটনার পর, রেল কর্তৃপক্ষের নিরাপত্তা ও শ্রমিকদের নিরাপত্তা নিয়ে উঠছে একাধিক প্রশ্ন। দুর্ঘটনার পর আপাতত কাজ বন্ধ রাখা হয়েছে। ঘটনার তদন্তে নেমেছে কালিম্পঙ থানার পুলিশ। পাশাপাশি কী করে ঘটনাটি ঘটল তা খতিয়ে দেখছে উত্তর-পূর্ব সীমান্ত রেল কর্তৃপক্ষও।

# ভোট গণনায় কারচুপি নিয়ে মামলা হাই কোর্টে

**আদালত সংবাদদাতা, কলকাতা: নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্র ছাড়া রাজ্যের আরো ৪ কেন্দ্রে ভোটের গণনায় কারচুপি হয়েছে বলে অভিযোগ তুলে কলকাতা হাই কোর্টে ৪ তৃণমূল কংগ্রেস প্রার্থী মামলা করেছে। রাজ্যের শাসকদলের অভিযোগ, বলরামপুর, বনগাঁ দক্ষিণ, গোঘাট আর ময়না কেন্দ্রে ভোট গণনায় কারচুপি হয়েছে। শুক্রবার সকালে এই ৪ কেন্দ্রের পরাজিত তৃণমূল প্রার্থীরা এনিয়ে মামলা করেন। ওই ৪ আসনেই খুব কম ব্যবধানে তৃণমূলকে পেছনে ফেলে আসন দখল করেছে বিজেপি। তাই আসনগুলিতে ফের গণনার দাবি তুলে হাই কোর্টে মামলা করেছেন ৪ প্রার্থী।**

**পুরুলিয়ার বলরামপুরে এবারের ভোটে শান্তিরাম মাহাতোকে প্রার্থী করেছিল তৃণমূল। বিজেপির বাণেশ্বর মাহাতোর কাছে মাত্র ৪২৩ ভোটে পরাজিত হয়েছেন তিনি। মাত্র ৪২৩ ভোটের ব্যবধানে হারের পিছনে কারচুপি হয়েছে বলে আদালতে অভিযোগ করেন শান্তিরাম। ফের ভোট গণনার দাবি জানিয়েছেন তিনি। তাঁর মামলাটি এদিন গৃহীত হয়। আগামী ১৫ জুলাই মামলাটির শুনানি হবে বলে জানিয়েছে আদালত। এর মধ্যে মামলা সংক্রান্ত যাবতীয় নথি সংরক্ষণ করে রাখতে আদেশ দিয়েছেন হাই কোর্টের বিচারপতি শুভাশিস দাশগুপ্ত। এছাড়া, বনগাঁ দক্ষিণ, গোঘাট আর ময়নাতেও ভোট গণনাতেও কারচুপি হয়েছে বলে মামলা হয়েছে। বনগাঁ দক্ষিণে বিজেপির স্বপন মজুমদারের কাছে ২,০০৪ ভোটে পরাজিত হন তৃণমূল প্রার্থী আলোরানি সরকার। গোঘাটে বিজেপির বিশ্বনাথ কারকের কাছে ৪,১৪৭ ভোটে পরাজিত হন তৃণমূল প্রার্থী মানস মজুমদার। ময়নায় বিজেপি প্রার্থী প্রাক্তন ক্রিকেটার অশোক দিন্দা তৃণমূলের সংগ্রাম কুমার দলুইকে ১,২৬০ ভোটে হারান।**

# মৎস্যজীবীর ঝুলন্ত দেহ উদ্ধার

**সামিম হোসেন, কাকদ্বীপ :** বৃহস্পতিবার কাকদ্বীপের ময়নাপাড়ার খালে থাকা ১টি ট্রলারের মধ্যে কাকদ্বীপের নারায়ণপুর এলাকার বাসিন্দা মৎস্যজীবী পাঁচু মণ্ডলের(২৪) ঝুলন্ত দেহ উদ্ধার হয়। স্থানীয় ও পুলিশ সূত্রের খবর, বুধবার গভীর সমুদ্রে মাছ ধরার জন্য কাকদ্বীপ মৎস্যবন্দর থেকে ট্রলার 'এফবি গোবিন্দ' রওনা দিয়েছিল।

# জমা জলে

১ পাতার পর

এদিকে, বৃষ্টির ভ্রূকুটি এখনই যাচ্ছে না। নতুন তৈরি হওয়া নিম্নচাপের প্রভাবে রবিবার পর্যন্ত রাজ্যে আরো বৃষ্টির পরিমাণ বাড়বে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। শুক্রবার হাওয়া অফিসের তরফে জানানো হয়েছে, গাঙ্গেয়বঙ্গের ওপর যে ঘূর্ণাবর্ত তৈরি হয়েছিল তার প্রভাবে দক্ষিণপশ্চিম বিহার আর লাগোয়া দক্ষিণপূর্ব উত্তর প্রদেশের ওপর একটি নতুন নিম্নচাপ তৈরি হয়েছে। এর প্রভাবে শনিবার ভারী থেকে অতিভারী বৃষ্টি হতে পারে দার্জিলিঙ, কালিম্পঙ আর আলিপুরদুয়ারে। উত্তর বঙ্গের ৩ জেলার জন্য কমলা সতর্কতা জারি করেছে আবহাওয়া দফতর। ভারী বৃষ্টি হতে পারে জলপাইগুড়ি, কোচবিহার, মালদহ, উত্তর ও দক্ষিণ দিনাজপুর, মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম, পশ্চিম বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনায়। রবিবার ভারী বৃষ্টি হতে পারে কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি, মুর্শিদাবাদ আর বীরভূম জেলায়। জুন মাসে যা বৃষ্টি হয় তার ৮৫% বৃষ্টি হয়েছে গত ৩ দিনে। সাধারণত, গোটা জুনে কলকাতায় ৩০০ মিলিমিটার বৃষ্টি হয়। সেখানে মঙ্গলবার সকাল সাড়ে ৮টা থেকে শুক্রবার সাড়ে ৮টার মধ্যে বৃষ্টি হয়েছে ২৫৬ মিমি। ২০১৫ সালে শেষবার এত কম সময়ের মধ্যে এত বিপুল পরিমাণে বৃষ্টি হয়েছিল কলকাতায়। কলকাতার পাশাপাশি জুনের প্রথম ১৮ দিনে স্বাভাবিকের চেয়ে ১০৩% বেশি বৃষ্টি হয়েছে দক্ষিণবঙ্গে।

**রাজ্যের করোনা**

২৪ ঘণ্টায় আক্রান্ত
২,৭৮৮
২৪ ঘণ্টায় সুস্থ
২,১১২
২৪ ঘণ্টায় মৃত
৫৮

**দেশের করোনা**

২৪ ঘণ্টায় আক্রান্ত
৬২,৪১০
২৪ ঘণ্টায় সুস্থ
৮১,৯৭৭
২৪ ঘণ্টায় মৃত
১,৫৮৭

# পরীক্ষায় বসার

১ পাতার পর

স্বাভাবিক হলে লিখিত পরীক্ষায় বসতে পারবে পরীক্ষার্থীরা। তবে সে'ক্ষেত্রে লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরকেই চূড়ান্ত বলে ধরা হবে। মূল্যায়নের নম্বর সে'ক্ষেত্রে কার্যকর হবে না। করোনা পরিস্থিতির জেরে সিবিএসই, আইসিএসই, আইএসসি-সহ অন্য বোর্ডের পরীক্ষা বাতিল হওয়ার পর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা নিয়েও সংশয় তৈরি হয়। পরীক্ষার বিষয়টি নিষ্পত্তি করার জন্য রাজ্য সরকার ৬ সদস্যের বিশেষজ্ঞ কমিটি গড়ে। একইসঙ্গে, পরীক্ষা নিয়ে সাধারণ মানুষের মতও চাওয়া হয়। কমিটির রিপোর্ট ও জনমতের ভিত্তিতে শেষমেষ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা বাতিল করা হয়।

# মামলা অন্য এজলাসে সরানোর আর্জি মমতার

১ পাতার পর

এই মামলায় মাননীয় বিচারপতির দিক থেকে বিপক্ষের হয়ে পক্ষপাতিত্বের আশঙ্কা করছেন বলে চিঠিতে জানান তাঁর আইনজীবী। আইনজীবী মারফত মুখ্যমন্ত্রীর আবেদন, জনমানসে বিচার ব্যবস্থার প্রতি যাতে আস্থা থাকে তার জন্য এই মামলা অন্য কোনো বিচারপতির বেঞ্চে পাঠানো হোক। অন্যদিকে, মুখ্যমন্ত্রীর আইনজীবী চিঠিতে জানান, বিচারপতি কৌশিক চন্দ এখনো কলকাতা হাই কোর্টে পাকাপাকিভাবে বিচারপতি হননি। বিচারপতি চন্দকে কলকাতা হাই কোর্টে পাকাপাকিভাবে বিচারপতি হিসেবে নিয়োগ করার বিষয়ে মুখ্যমন্ত্রীর মতামত চেয়ে চিঠি পাঠান কলকাতা হাই কোর্টের প্রধান বিচারপতি। কিন্তু তাঁর মক্কেল তথা মুখ্যমন্ত্রী তখন ওই বিষয়টিতে আপত্তি জানান। সব মিলিয়ে নন্দীগ্রাম বিধানসভা ভোটের ফলাফল নিয়ে মামলা অন্য বিচারপতির বেঞ্চে যাতে পাঠানো হয় তার জন্য প্রধান বিচারপতির সচিবের কাছে আবেদন জানিয়েছেন মুখ্যমন্ত্রীর আইনজীবী।

এ নিয়ে তৃণমূলও অভিযোগ তুলেছে। বিজেপির একটি অনুষ্ঠানে বিজেপির রাজ্য সভাপতি দিলীপ ঘোষের সঙ্গে বিচারপতি চন্দের ছবি পোস্ট করেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ ডেরেক ও'ব্রায়েন। তিনি ট্যুইটে প্রশ্ন তোলেন, 'ইনি কি কলকাতা হাই কোর্টের বিচারপতি কৌশিক চন্দ? উনিই কি নন্দীগ্রাম ভোটের মামলা শোনার দায়িত্বে?' তৃণমূল সাংসদ মহুয়া মৈত্র একই ছবি ট্যুইট করে লেখেন, বিচারপতি কৌশিক চন্দ বিজেপির লিগাল সেলের সদস্য। তিনি বিজেপির আইনজীবী হিসেবে একাধিক মামলাও লড়েছেন। এই ঘটনা নিয়ে আইনজীবীদের একাংশ এ নিয়ে প্রশ্ন তুলেছেন।

# মমতার করা নন্দীগ্রাম মামলার শুনানি পিছোল

১ পাতার পর

বিধানসভা নির্বাচনে নন্দীগ্রাম কেন্দ্রে তৃণমূল কংগ্রেসের প্রার্থী ছিলেন রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। অন্যদিকে, বিজেপির প্রার্থী ছিলেন শুভেন্দু অধিকারী। যিনি নির্বাচনের কিছুদিন আগে তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দেন। গত ২ মে নির্বাচনে ফল ঘোষণার দিন দেখা যায় হেভিওয়েট ওই ২ প্রার্থীর মধ্যে মমতা বন্দ্যোপাধ্যায় এগিয়ে রয়েছেন। ফল ঘোষণায় জানিয়েও দেওয়া হয় মমতা বন্দ্যোপাধ্যায় জয়ী হয়েছেন। কিন্তু এর কিছুক্ষণ পর কমিশন জানায়, ১ হাজার ৯৫৬ ভোটে জয়ী হয়েছেন শুভেন্দু অধিকারী। শুভেন্দুর এই জয়ের পেছনে কারচুপি রয়েছে বলে অভিযোগ মমতা বন্দ্যোপাধ্যায়ের। তিনি পুনর্গণনার দাবি জানান। কিন্তু নির্বাচন কমিশন তা খারিজ করে দেয়। মমতা বন্দ্যোপাধ্যায় মুখ্যমন্ত্রী পদে শপথ নেওয়ার প্রায় ৪১ দিন পর নন্দীগ্রামে ভোট গণনাকে চ্যালেঞ্জ করে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হন।

উল্লেখ্য, গত ২১ মে শুভেন্দুর বিরুদ্ধে ইলেকশন পিটিশন দায়ের করেন মুখ্যমন্ত্রী। বিচারপতি সব্যসাচী ভট্টাচার্যর এজলাসে গত ৯ জুন মামলাটি উল্লেখ করেন মুখ্যমন্ত্রীর আইনজীবীরা। পরের দিন মামলাটি ওঠার আগে জানা যায়, নির্বাচন সংক্রান্ত মামলা আপাতত বিচারপতি সব্যসাচী ভট্টাচার্যর এক্তিয়ারভুক্ত নেই। এরপর মামলাটি বিচারপতি কৌশিক চন্দর কোর্টে মেনশনিং-এর জন্য আসে। এদিন মামলাটি কোর্টে ওঠে। এদিকে, গত ১৬ জুন মুখ্যমন্ত্রীর হয়ে তাঁর আইনজীবী হাই কোর্টের ভারপ্রাপ্ত প্রধান বিচারপতিকে একটি চিঠি দেন। চিঠিতে উল্লেখ করেন, ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি গত ২১ এপ্রিল মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছিলেন বিচারপতি কৌশিক চন্দকে হাই কোর্টের স্থায়ী বিচারপতি হিসেবে অনুমোদনের জন্য। কৌশিক চন্দ বিজেপির সক্রিয় সদস্য ছিলেন। তাই স্থায়ী বিচারপতির অনুমোদন নিয়ে বিরোধিতা ছিল মুখ্যমন্ত্রীর। এদিকে, মুখ্যমন্ত্রীর মামলাটি বিজেপি প্রার্থীর বিরুদ্ধে। তাই বিচারপতি কৌশিক চন্দর কোর্টে মুখ্যমন্ত্রীর ইলেকশন পিটিশনের মামলাটি আসার পর বিচারপতি এবিষয়ে কতটা নিরপেক্ষ থাকতে পারবেন তা নিয়ে যুক্তিযুক্ত সংশয় রয়েছে তাঁর মক্কেলের (মমতার)। ফলে ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি অন্য বিচারপতির কোর্টে যাতে মামলাটি পাঠান সেই অনুরোধ জানিয়েছেন মমতার আইনজীবী। পাশাপাশি, বিচারপতি কৌশিক চন্দের এজলাস থেকে এই মামলা সরানোর আর্জি জানিয়েছে তৃণমূল আইনজীবী সেলও।

# রফতানি বাণিজ্যে জোর রাজ্যের

১ পাতার পর

তুলতেই বিভিন্ন জেলায় ৯টি সরকারি সাহায্যপ্রাপ্ত হাব করা হচ্ছে। এই রাজ্যে শিল্প-বাণিজ্যে যে জোয়ার এসেছে তাকে আরো বাড়িয়ে নিয়ে যাওয়ার জন্যই শিল্প, বাণিজ্য, উদ্যোগ বিভাগ পরিকাঠামো উন্নয়নে জোর দিয়েছে। এরমধ্যে বিভিন্ন সংস্থা রাজ্যের বিভিন্ন শিল্পোদ্যানে তাদের উৎপাদনও শুরু করেছে। কেভেন্টার অ্যাগ্রো, সিকা ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড, ইমামি অ্যাগ্রোটেক, এভি জুয়েলার্স প্রাইভেট লিমিটেড, টাইটান কোম্পানি লিমিটেডকে তাদের পণ্য উৎপাদনের জন্য ২০ হাজার ২৭৩ বর্গফুট জমি দেওয়া হয়েছে। এছাড়াও পশ্চিমবঙ্গ শিল্প পরিকাঠামো উন্নয়ন নিগম ১,৬২৩ একর জমি বিভিন্ন শিল্প সংস্থাকে দিয়েছে। এই রকম প্রায় ৪৭৯টি সংস্থা জমি পেয়েছে। সব মিলিয়ে ৩,৫১৯ কোটি টাকা এখনো পর্যন্ত মূলধন বিনিয়োগ করা হয়েছে বলে শিল্প বাণিজ্য দফতর সূত্রে খবর। এইসব বড়ো শিল্পোদ্যগ, ছোটো ও মাঝারি শিল্পোদ্যগ, এসবের সঙ্গে যুক্ত কৃষিজীবী, মৎসজীবীরা শুধু দেশীয় বাজার ধরাই নয় তাদের উৎপাদিত মাল যেন বিদেশেও রফতানি করা যায় সে ব্যাপারে রাজ্য সরকার পুরোপুরি মদত দিচ্ছে বলে দফতরের এক পদস্থ কর্তা শুক্রবার জানিয়েছেন।


**সেন্ট্রাল অর্গানাইজেশন ফর রেলওয়ে ইলেকট্রিফিকেশন**

১, নবাব ইউসুফ রোড, সিভিল লাইনস/প্রয়াগরাজ-২১১০০১
ফ্যাক্স নং: ০৫৩২-২৪০৮৮২৬, www.core.indianrailways.gov.in

**সংশোধনী-২**

সংশোধনী বিবরণ
দরপত্রের বিবরণ
দরপত্র নং : ইএলসিওআরই-ওএইচই-টিএসস-জিআর-২৯৯-এম (খোলা দরপত্র)

সংশোধনী প্রকাশনার তারিখ: ১৮.০৬.২০২১, ১৬:৪৪
বন্ধের তারিখ: ০৫.০৭.২০২১
সময়: ১৫:০০

**কার্যের নাম:** দক্ষিণ পশ্চিম রেলওয়ে অন্তর্গত মাইসোরের আরই প্রোজেক্ট বেঙ্গালুরুর আওতায় থাকা মাইসোর (ইএক্সসিএল.)-আরশিকরে (ইএক্সসিএল.)- অ্যান্ড হাসান (ইএক্সসিএল.)-ম্যাঙ্গালোর (ইএক্সসিএল.) সেকশনের জিআর. ২৯৯ তে মোট ৩৪৭ আরকেএম/৪১০টিকেএমে ২৫কেভি, ৫০এইচজেড-এর ডিজাইন, সাপ্লাই, ইরেকশন, টেস্টিং ও কমিশনিং, সিঙ্গেল ফেজ, এসি, ইলেকট্রিফিকেশন ওয়াকর্স সহ ওএইচই ও টিএসএস সমেত কম্পোজিট ইলেকট্রিক্যাল ওয়ার্ক।

আইটেম পরিবর্তিত
এনআইটি হেডার

| ফিল্ডের নাম | বর্তমান মূল্য | পরিবর্তিত মূল্য |
|---|---|---|
| দরপত্র বন্ধের সময় ও তারিখ | ২১.০৬.২০২১, ১৫:০০ | ০৫.০৭.২০২১, ১৫:০০ |

পীআর/50/2021 (V) "হাসিমুখে জনগণের সেবায়" www.ireps.gov.in



**নেইল ইন্ডাস্ট্রিস লিমিটেড**

CIN : L51109WB1983PLC036091
রেজিস্টার্ড অফিস : ৮৮ বি (গ্রাউন্ড ফ্লোর), লেক ভিউ রোড, কলকাতা - ৭০০ ০২৯
কর্পোরেট অফিস : ১৪/১১৩ সিভিল লাইনস, ৪০২-৪০৩ কান চেম্বারস, কানপুর - ২০৮ ০০১
ই-মেল আইডি : neilil@rediffmail.com, neilindustrieslimited@gmail.com
ফোন (কর্প অফিস) : ০৫১২-২৩০৩৩২৫
ওয়েবসাইট : www.neil.co.in

সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিক্যোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১[illegible] -এর ৪৭(১) (এ) নং ধারা অনুযায়ী, ৩১ মার্চ, ২০২[illegible] তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের / বছরের নিরীক্ষিত আর্থি[illegible] ফলাফল বিবেচনা ও নথিবদ্ধ করার জন্য ও এছাড়াও অন্যান্য ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য শনিবার, ২৬ জুন ২০২১ তারিখে সকাল ১১ টায় কোম্পানীর বোর্ড অব ডিরেক্টরের একটি সভা কোম্পানীর কর্পোরেট অফি[illegible] ১৪/১১৩ সিভিল লাইনস, ৪০২-৪০৩ কান চেম্বারস কানপুর - ২০৮ ০০১-এ অনুষ্ঠিত হবে। বিশদ তথ্য কোম্পানীর ওয়েবসাইট : www.neil.co.in ও বিএসই লিমিটেড-এর ওয়েবসাইট www.bseindia.com-[illegible] পাওয়া যাবে।

নেইল ইন্ডাস্ট্রিস লিমিটেড এর পক্ষে
স্বাক্ষর
(আমনপ্রীত ক[illegible])
কোম্পানী সচি[illegible]

স্থান : কানপুর
তারিখ: ১৮.০৬.২০২১



**বিজ্ঞপ্তি**

**ফেস্টিভাল স্পেশাল ট্রেনের চলাচল সম্প্রসারণ**

স্পেশাল চার্জ সহ নিম্নলিখিত ফেস্টিভাল স্পেশাল ট্রেনগুলির চলাচল নিম্নলিখিত বিবরণ অনুযায়ী **পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত** একই চলাচলের দিন, স্টপেজ এবং সময়সূচী সহ চালু থাকবেঃ

| স্পেশাল ট্রেন নং এবং নাম | যে পর্যন্ত পূর্বে বিজ্ঞাপিত | সম্প্রসারিত সময়সীমা |
|---|---|---|
| ০৫০৪৮ গোরখপুর–কলকাতা | ২৯.০৬.২০২১ | পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত |
| ০৫০৪৭ কলকাতা–গোরখপুর | ০১.০৭.২০২১ | পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত |
| ০৫০৫০ গোরখপুর–কলকাতা | ৩০.০৬.২০২১ | পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত |
| ০৫০৪৯ কলকাতা–গোরখপুর | ৩০.০৬.২০২১ | পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত |
| ০৫০৫২ গোরখপুর–কলকাতা | ২৪.০৬.২০২১ | পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত |
| ০৫০৫১ কলকাতা–গোরখপুর | ২৫.০৬.২০২১ | পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত |
| ০৫০২৮ গোরখপুর–হাতিয়া | ৩০.০৬.২০২১ | পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত |
| ০৫০২৭ হাতিয়া–গোরখপুর | ০১.০৭.২০২১ | পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত |
| ০৫০৯৮ জম্মু তাওয়াই–ভাগলপুর | ২৯.০৬.২০২১ | পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত |
| ০৫০৯৭ ভাগলপুর–জম্মু তাওয়াই | ০১.০৭.২০২১ | পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত |

**জম্মু তাওয়াই থেকেঃ ০৬.০৭.২০২১** এবং **ভাগলপুর থেকেঃ ০৮.০৭.২০২১** তারিখ থেকে যাত্রা শুরু করা ট্রেন নং ০৫০৯৮ ও ০৫০৯৭–এর গঠন নিম্নলিখিতমতো সংশোধিত হবেঃ এসি ২–টিয়ার – ২, এসি ৩–টিয়ার – ৬, স্লিপার শ্রেণী – ৭, দ্বিতীয় শ্রেণী (এলএস) – ৪, এলএসএলআরডি – ১, পাওয়ার কার – ১ = ২১ কোচ। অন্যান্য সকল ট্রেন বর্তমান গঠন সহ চলবে। অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকবে।

উপরোক্ত স্পেশাল ট্রেনগুলির **(অর্থাৎ ট্রেন নং ০৫০৪৭, ০৫০৪৯, ০৫০৫১, ০৫০৯৭)** সম্প্রসারিত চলাচলের জন্য বুকিং **২১.০৬.২০২১ তারিখ** থেকে পাওয়া যাবে। • তৎকাল বুকিং সুবিধা পাওয়া যাবে না। • কনসেশনাল বুকিং অনুমোদিত নয়। • মেল/এক্সপ্রেস ভাড়ার অতিরিক্ত স্পেশাল চার্জ ধার্য হবে।

সিসিএম/পিএম সিপিটিএম

**পূর্ব রেলওয়ে**



**চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস**

**খোলা দরপত্র**

নং- সিওএস/সিআরজে/পিইউবি/ই-টেন্ডার/১৯/০১৬২ তারিখ ১৫.০৬.২০২১।
নিম্নোক্ত ই-টেন্ডার এই লিঙ্কের মাধ্যমে পাওয়া যাবে www.ireps.gov.in.
এই ই-টেন্ডারের প্রস্তাব শুধুমাত্র বৈদ্যুতিন মাধ্যমে জমা করা যাবে নিম্নোক্ত লিঙ্কের মাধ্যমে www.ireps.gov.in → login → E-Tender Stores/Supply. ইচ্ছুক সরবরাহকারীগণ এই টেন্ডার বা আইআরইপিএস সংক্রান্ত সঠিক তথ্য জানতে নিম্নোক্ত আধিকারিকের সঙ্গে যোগাযোগ করতে পারেন, ডিওয়াই.সিএমএম/এইচকিউ/সিএলডব্লু/চিত্তরঞ্জন, ০৩৪১-২৫২৫৫৯৪ বা এসএমএম/সিওএন/এইচকিউ, ০৩৪১-২৫৩৫৬৩১। **ক্রম নং;টেন্ডার নং;পণ্যের সংক্ষিপ্ত বিবরণ;সংখ্যা;জমা দেওয়ার অর্থ (ইএমডি) (টাকা);টেন্ডার জমা দেওয়ার শেষ দিন ও সময় (আইএসটি):** (১);৭৫২১৩৮২৮;গ্যাসকেট (নন-মেটালিক) ডব্লুএজি-৯এইচসি লোকো সিএলডব্লু ডিআরজি./স্পেসিফিকেশন নম্বর- সিএলডব্লু/এমএস/০৩/০৬২, অল্ট-১০ (পিডিএফ অ্যানেক্সচার মোতাবেক ১৬টি আইটেম নিয়ে একটি সেট); ৫৯৭.০০ সেট; ৮০২১০.০০; ২৬/০৭/২০২১ বেলা ১১টা। (২);৭৫২১৩৮৬৯;ক্যাবের প্যানেলের এফ.আর.পি. ডব্লুএজি-৯/ডব্লুএপি-৭/ডব্লুএপি-৫ স্পেসিফিকেশন নম্বর- সিএলডব্লু/এমএস/৩/০১৮, অল্ট-৩ (২টি আইটেম নিয়ে একেকটি লোকো সেট);৪৬৩.০০ সেট; ৮৭৪৬০.০০; ২১/০৭/২০২১ বেলা ১১টা। (৩);৭৫২১৩৮৭২;ক্যাব ডোরের জন্য ইন্টার লক অ্যাসেম্বলি সেট ডব্লুএজি-৯এইচসি/ডব্লুএপি-৭/ডব্লুএপি-৫ স্পেসিফিকেশন নম্বর- সিএলডব্লু/এমএস/৩/১১১, অল্ট-৫ এবং ডিআরজি নং-১২০৯-০৯-১৩৩-০২১ অল্ট-২, বিবরণ অনুযায়ী (২টি আরএইচ ও ২টি এলএইচ নিয়ে একটি সেট); ৪৮৬.০০ সেট; ৫৩৩৪৩০.০০; ০৪/০৮/২০২১ বেলা ১১টা। (৪); ৭৫২১৩৭২৪;হেলিক্যাল স্প্রিংয়ের সেট ডব্লুএজি-৯এইচসি-এর জন্য স্পেসিফিকেশন নম্বর- সিএলডব্লু/এমএস/৩/স্পেক/এলডো-বগি/০০৪, অল্ট-১ (টেন্ডারের সঙ্গে সেটের বিস্তারিত বিবরণ আপলোড করা হয়েছে); ৩৪২.০০ সেট; ২০০০০০০.০০; ২৮/০৭/২০২১ বেলা ১১টা।

প্রিন্সিপাল চিফ ম্যাটেরিয়ালস ম্যানেজার
সিএলডব্লু/চিত্তরঞ্জন

PR2-086

আমাদের লাইক করুন : www.facebook.com/clwrailways



**জৈন বাণিজ্য উদ্যোগ লিমিটেড**

CIN : L52009WB1984PLC038212
রেজিস্টার্ড অফিস: ৯৮, ক্রিস্টোফার রোড, ফ্ল্যাট-১, বি-৫, বৃন্দাবন গার্ডেন, কলকাতা - ৭০০ ০৪৬
ফোন নং : ০৩৩-২৩২৮ ০০০৩, ই-মেল আইডি : info@jainvanijya.com, ওয়েবসাইট : www.jainvanijya.com

**বিজ্ঞপ্তি**

এতদ্বারা জানানো হচ্ছে যে, কোম্পানীজ অ্যাক্ট, ২০১৩-এর প্রযোজ্য রুলস ও প্রভিশন এবং সিকিওরিটিস অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড ইন্ডিয়া (এলওডিআর) রেগুলেশনস, ২০১৫ ও এমসিএ দ্বারা জারি সংশ্লিষ্ট বিষয়ে প্রযোজ্য সার্কুলার এবং সেবি সার্কুলার অনুযায়ী, এজিএম-এর বিজ্ঞপ্তিতে ঘোষিত ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য জৈন বাণিজ্য উদ্যোগ লিমিটেড-এর সদস্যদের ৩৭তম বার্ষিক সাধারণ সভা, সোমবার ১২ জুলাই, ২০২১ সকাল ১১.৩০টায় কোম্পানীর রেজিস্টার্ড অফিস ৯৮, ক্রিস্টোফার রোড, ফ্ল্যাট-১, বি-৫, বৃন্দাবন গার্ডেন, কলকাতা - ৭০০ ০৪৬-এ অনুষ্ঠিত হবে।

কোম্পানীজ অ্যাক্ট, ২০১৩-এর সেকশন ৯১ অনুযায়ী, কোম্পানীর রেজিস্টার অফ মেম্বারস ও শেয়ার ট্রান্সফার বুকস ৬ জুলাই, ২০২১ থেকে ১২ জুলাই, ২০২১ (দুটি দিনই অন্তর্ভুক্ত) পর্যন্ত এ জি এম-এর কারণে বন্ধ থাকবে। বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি সহ বার্ষিক বিবরণীর মুদ্রিত সংস্করণ ১৮.০৬.২০২১ তারিখের মধ্যে সদস্যদের নথিভুক্ত ঠিকানায় পাঠানো হয়েছে। এগুলি সদস্যদের কোম্পানী / ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নিবন্ধীকৃত ই-মেল আইডিতেও পাঠানো হয়েছে।

শেয়ারহোল্ডারদের আরও জানানো যাচ্ছে যে, সভার বিজ্ঞপ্তি ও বার্ষিক বিবরণী কোম্পানীর এই ওয়েবসাইটেও পাওয়া যাবে : www.jainvanijya.com।

ই-ভোটিং-এর পদ্ধতি :

কোম্পানীজ অ্যাক্ট, ২০১৩-এর সেকশন ১০৮ ও সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর ৪৪নং ধারা অনুযায়ী, এ জি এম-এর বিজ্ঞপ্তিতে ঘোষিত ব্যবসায়িক কার্যকলাপের উপর বৈদ্যুতিন মাধ্যমে ভোটদান করতে পারবেন যা সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস লিমিটেড থেকে প্রাপ্ত। যেসব সদস্য কাট-অফ তারিখ ৫ জুলাই, ২০২১-এর হিসাবে ফিজিক্যাল বা ডিমেটেরিয়ালাইজড মাধ্যমে শেয়ারের অধিকারি তাঁরা এজিএম-এর বিজ্ঞপ্তিতে ঘোষিত ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য বৈদ্যুতিন মাধ্যমে ভোট দিতে পারেন। কোম্পানীজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস ২০১৪-এর ২০নং ধারা অনুযায়ী ই-ভোটিং-এর বিস্তারিত নিয়মাবলী নিচে দেওয়া হল :-

রিমোট ই-ভোটিং পদ্ধতি শুরু হবে শুক্রবার ৯ জুলাই, ২০২১ সকাল ৯ টায় থেকে ও শেষ হবে রবিবার ১১ জুলাই, ২০২১ বিকাল ৫টা। ১১ জুলাই, ২০২১ বিকাল ৫টার পর ই-ভোটিং-এর আর সুবিধা থাকবে না।

কোনো ব্যক্তি যিনি উক্ত তারিখের পর বা কটিঅফ তারিখ ৫ জুলাই, ২০২১-এর হিসাবে ও বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার পর কোম্পানীর সদস্য হয়েছেন তিনি absconsultant99@gmail.com ই-মেল আইডিতে ই-মেল করে ই-ভোটিং-এর জন্য ইউজার আই ডি ও পাসওয়ার্ড সংগ্রহ করতে পারেন। বার্ষিক সাধারণ সভায় পোলিং পেপারের মাধ্যমে ভোট দেওয়া যাবে। যেসব সদস্য এ জি এম-এর আগেই রিমোট ই-ভোটিং-এর মাধ্যমে ভোটদান করেছেন তাঁরা এ জি এম-এ অংশগ্রহণ করতে পারবেন কিন্তু দ্বিতীয়বার ভোটদানের অনুমতি পাবেন না।

যদি আপনার ই-ভোটিং সংক্রান্ত কোনো রকম জিজ্ঞাসা বা সমস্যা থেকে থাকে, তবে আপনি ই-মেল করতে পারেন সিডিএসএল-এ এই ঠিকানায় : helpdesk.evoting@cdslindia.com বা যোগাযোগ করতে পারেন : ১৮০০-২০০-৫৫৩৩।

ই-ভোটিং-এর ফল / বার্ষিক সাধারণ সভায় প্রাপ্ত ব্যালটের ফল ১৩ জুলাই, ২০২১ তারিখে বা তার আগে ঘোষণা করা হবে। স্ক্রুটিনাইজারের রিপোর্টসহ ভোটের ফল কোম্পানীর রেজিস্টার্ড অফিসে প্রকাশিত হবে ও কোম্পানীর ওয়েবসাইটেও আপলোড করা হবে। এছাড়াও, যে স্টক এক্সচেঞ্জে কোম্পানীর শেয়ার আছে সেখানে ফলাফল নথিভুক্ত করা হবে।

বোর্ড অফ ডিরেক্টরের আদেশানুসারে
জৈন বাণিজ্য উদ্যোগ লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
অমিতামোহন সরিয়া
(ম্যানেজিং ডিরেক্টর)
DIN : 09083595

স্থান : কলকাতা
তারিখ : ১৮.০৬.২০২১